# AKASHVANI (AIR)

# RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 24-06-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর -

১) নদীয়ার কালিগঞ্জ বিধানসভা আসনের উপনির্বাচনে ভোটগণনার দিনে পলাশীতে বোমার আঘাতে চতুর্থ শ্রেণির ছাত্রীর মৃত্যুর ঘটনায় নির্বাচন কমিশন জেলা প্রশাসনের কাছে রিপোর্ট তলব করেছে।

তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের বোমার আঘাতেই এই ঘটনা বলে অভিযোগ করে বিরোধী দলগুলি তীব্র প্রতিক্রিয়া জানিয়েছে। অন্যদিকে বিরোধীরা নিজেদের রাজনৈতিক ব্যর্থতা ঢাকতেই এই মৃত্যুর ঘটনা ব্যবহার করছে বলে তৃণমূলের পাল্টা দাবি।

২) রাজ্য বিধানসভায় গতকাল তাদের চার বিধায়কদের সাসপেন্ড করার প্রতিবাদে বিজেপি আজ বিধানসভা চত্বরে বিক্ষোভ প্রদর্শনের কর্মসূচী নিয়েছে।

৩) খেলাধুলোর উন্নয়নে সরকারি উদ্যোগের পাশাপাশি ব্যাক্তিগত ও বেসরকারি উদ্যোগ প্রয়োজন বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু মন্তব্য করেছেন।

৪) বর্ষার কারণে রাজ্যের সব জেলাতেই চলতি সপ্তাহে বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।

৫) প্রাক্তন ক্রিকেটার দিলীপ দোশী প্রয়াত। জীবনাবসান, বাংলার অলিম্পিয়ান ভারত্তোলক লক্ষ্মীকান্ত দাসের।

---

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা আসনের উপনির্বাচন ভোটগণনার দিনে পলাশীর মুলান্দি গ্রামে বোমার আঘাতে চতুর্থ শ্রেণির ছাত্রী তামান্না খাতুনের মৃত্যুর ঘটনায় নির্বাচন কমিশন জেলা প্রশাসনের কাছে রিপোর্ট তলব করেছে। সেই রিপোর্ট খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল জানিয়েছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে বলেছেন, দোষীদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে।

এদিকে, তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের বোমার আঘাতে এই ঘটনা বলে অভিযোগ করে বিরোধী রাজনৈতিক দলগুলি তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করেছে।

---------------------

বিজেপির আইটি সেলের প্রধান অমিত মালব্য এই ঘটনার নিন্দা করে বলেছেন, রক্তপাত ছাড়া একটি উপনির্বাচনও তৃণমূল কংগ্রেস জিততে পারেনা। দলের রাজ্য সভাপতি কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারও অভিযোগ করেছেন, তৃণমূল কংগ্রেসের আমলে কোন বিরোধী রাজনৈতিক দলই সুরক্ষিত নয়।

(বাইট – সুকান্ত)

প্রদেশ কংগ্রেস মুখপাত্র সৌম্য আইচ রায় তৃণমূল কংগ্রেসের সমালোচনা করে বলেছেন, দেশের অনেক জায়গাতে উপনির্বাচন হলেও কোথাও এধরনের হিংসাত্মক ঘটনার খবর পাওয়া যায়নি। দলের প্রবীণ নেতা অধীররঞ্জন চৌধুরী দাবি করেছেন, গণতন্ত্র তৃণমূল কংগ্রেসের কাছে আবরণ মাত্র। উপ-নির্বাচনে শাসক দল জয়ের পর যারা তাদের ভোট দেয়নি, তাদের ওপর এই হামলা চালানো হয় বলে তাঁর দাবি। এই

ধরনের হামলা ও মৃত্যুর ঘটনার যৌক্তিকতা নিয়েও রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে জানতে চান তিনি।

সি পি আই এম-এর কেন্দ্রী কমিটির সদস্য সুজন চক্রবর্তীও কালিগঞ্জ উপ-নির্বাচনে জয়লাভের পরেও তৃণমূল কংগ্রেস কেন হিংসা ছড়াচ্ছে, সেই প্রশ্ন তোলেন।

বাইট সুজন

সিপিআইএমএল লিবারেশন বলেছে, যে জয়ের উল্লাসে শিশুর প্রাণ যায়, তা আসলে গণতন্ত্রের পরাজয়। দলের জেলা সম্পাদক জয়তু দেশমুখ জানিয়েছেন, এই ঘটনায় উচ্চ-পর্যায়ের নিরপেক্ষ তদন্তের দাবিতে জেলাজুড়ে আজ ধিক্কার দিবস পালন করা হবে।

এসসিইউসিআই কমিউনিস্ট-এর রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য্যও তীব্র সমালোচনা করেছেন।

অন্যদিকে, বিরোধীরা নিজেদের রাজনৈতিক ব্যর্থা ঢাকতে দুর্ভাগ্যজনক একটি মৃত্যুর ঘটনা ব্যবহার করতে চাইছে বলে তৃণমূলের পাল্টা অভিযোগ।

আগেই জানানো হয়েছে, কালীগঞ্জে ভোট গণনার দিনেই, নদীয়ার পলাশির মুলান্দি গ্রামে বোমার আঘাতে তামান্না খাতুন নামে চতুর্থ শ্রেণির ঐ ছাত্রীর মৃত্যু হয়েছে। আহত হয়েছেন আরও একজন। স্থানীয়দের অভিযোগ, তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা সিপিআইএম সমর্থকদের ওপর আক্রমণ চালায়। তাদের বাড়ি ঘর লক্ষ্য করে বোমাও ছোঁড়ে। ওই বোমাবাজির মধ্যে পড়ে প্রাণ হারান তামান্না।

এই ঘটনার পর পুলিশ সুপার অমরনাথ কে, বিশাল পুলিশ বাহিনী নিয়ে সেখানে যান। কথা বলেন, মৃত শিশুটির মায়ের সঙ্গেও। পুলিশের কাছে ক্ষোভে ফেটে পড়েন,

তামান্নার পরিবারের সদস্যরা। পুলিশ সুপার জানিয়েছেন, এই ঘটনায় তদন্ত শুরু হয়েছে। এপর্যন্ত গ্রেফতার করা হয়েছে একজনকে। দোষীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে বলেও আশ্বাস দেন তিনি।

সন্ধ্যায় তামান্নার পরিবারের পক্ষ থেকে মীরা পুলিশ ফাঁড়িতে অভিযোগ জানাতে গেলে ব্যাপক উত্তেজনা ছড়ায়। DYFI কর্মীরাও ফাঁড়িতে ঢুকতে চাইলে পুলিশ তাদের বাধা দেয়। ঘণ্টাখানেক সেখানে  বিক্ষোভ দেখায় DYFI কর্মীরা।

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা আসনের উপনির্বাচনে তৃণমূল কংগ্রেস প্রার্থী আলিফা আহমেদ জয়ী হয়েছেন।

---------------------

রাজ্য বিধানসভায় গতকাল চার তাদের বিধায়কদের সাসপেন্ড করার প্রতিবাদে বিজেপি আজ বিধানসভা চত্বরে বিক্ষোভ প্রদর্শনের কর্মসূচী নিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল সাংবাদিকদের বলেন, বিধায়কদের সাসপেনশন এবং তাদের নিগ্রহ করার প্রতিবাদে এই বিক্ষোভ দেখানো হবে।

বাইট শুভেন্দু

এছাড়া বিজেপি পরিষদীয় দল বিধানসভার আগামী অধিবেশনে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনবে বলেও শুভেন্দু বাবু জানান। তার দাবি, তারা গতকাল অধিবেশনে গণতান্ত্রিকভাবে প্রতিবাদ জানালে অধ্যক্ষ বিধায়কদের সাসপেন্ড করেন। এছড়াও বিধায়কদের নিগ্রহ করে বাইরে বের করে দেওয়া হয়। মুখ্য সচেতক শষঙক্র ঘোষ সহ কয়েকজনের চশমা ও ঘড়ি ভেঙে দেওয়া হয় বলেও অভিযোগ।

বিরোধী দলনেতা জানান, এর বিরুদ্ধে অধ্যক্ষের কাছে অভিয়োগ জানাতে গেলে প্রথমে শুধুমাত্র মাইক ও টেবিল ভাঙার জন্য তদন্তের কথা বলা হয়। পরে তারা এর প্রতিবাদ জানালে তখন বিধায়কদের নিগ্রহের বিষয়ে তদন্তের আশ্বাস দেন অধ্যক্ষ।

আগেই জানানো হয়েছে, বিজেপি বিধায়ক অশোক লাহিড়ীর বক্তব্য কার্যবিবরণী থেকে বাদ দেওয়ার সিদ্ধান্তের প্রতিবাদে বিধানসভার অধিবেশন গতকাল এমন উত্তপ্ত হয়ে ওঠে, যা সাম্প্রতিককালে নজিরবিহীন। সাসপেন্ড করা হয় অগ্নিমিত্রা পল, শঙ্কর ঘোষ, মনোজ ওঁরাও এবং দীপক বর্মনকে।

অধ্যক্ষ জানিয়েছেন, বিধানসভার সম্পত্তিও ভাঙচুর করা হয়েছে। এই নিয়েও ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিধানসভায় গতকাল মার্শাল দিয়ে বিজেপি বিধায়কদের ওপর আক্রমণের অভিযোগে দলের পক্ষ থেকে আজ কলকাতার হেয়ার স্ট্রিট থানায় FIR দায়ের করা হয়েছে।

---------------------

এক বিজেপি কর্মীকে মারধোর করার অভিযোগে ধৃতকে গতকাল দুর্গাপুর আদালতে তোলার সময় আদালত চত্ত্বরে দলীয় কর্মীদের শ্লোগানকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, আসানসোলের কালিপাহাড়ীর বাসিন্দা বিজেপি কর্মী করণ চৌবে সাইকেলে কলকাতার উদ্দেশে রওনা দেন। বুদবুদের কাছে ১৯ নম্বর জাতীয় সড়কে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিরা তাকে মারধর করে বলে অভিযোগ। আহত করণের দায়ের করা অভিযোগের ভিত্তিতে পুলিশ গলসির পারাজ থেকে আনসারি  শেখ নামে একজনকে গ্রেফতার করে। তাকে গতকাল আদালতে

তোলার সময় শুরু হয় ধুন্ধুমার। তবে, এর সঙ্গে তাদের দলের কোন যোগ নেই বলে তৃণমূল কংগ্রেসের দাবি।

---------------------

বাম যুব সংগঠন ডিওয়াইএফআই এর নতুন রাজ্য সম্পাদক হলেন মুর্শিদাবাদের ধ্রুবজ্যোতি সাহা। তিনি মীনাক্ষী মুখার্জীর স্থলাভিষিক্ত হলেন। ধ্রুবজ্যোতি এতদিন ছিলেন ডিওয়াইএফআই এর রাজ্য সভাপতি।

এদিকে নতুন সভাপতি হয়েছেন পূর্ব বর্ধমানের অয়নাংশু সরকার।

---------------------

খেলাধুলার উন্নয়নে সরকারি উদ্যোগের পাশাপাশি ব্যক্তিগত এবং বেসরকারি উদ্যোগও প্রয়োজন বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু মন্তব্য করেছেন। বিধানসভায় গতকাল বেসরকারি 'দ্য নেতাজি সুভাষ ইউনিভার্সিটি অফ স্পোর্টস অ্যান্ড অন্ত্রপ্রেনিয়রশিপ বিল, ২০২৫' এর ওপর আলোচনা শেষে জবাবী ভাষনে তিনি বলেন, সরকার ক্রীড়া প্রতিভাকে লালন করতে পারে। কিন্তু সেই সব প্রতিভাকে খুঁজে বের করা এবং বিকাশ ঘটানোর সম্পূর্ণ কাজ , সরকারের একার পক্ষে সম্ভব নয়। সরকারি এবং বেসরকারি ক্ষেত্রকে হাতে হাত মিলিয়ে এই কাজ করতে হবে। বিলের উপর আলোচনায় অংশ নিয়ে বিরোধী আইএস এফ বিধায়ক নওশাদ সিদ্দিকী, খেলোয়াড়দের কর্মসংস্থানের সুযোগ বাড়ানোর দাবি জানান।

---------------------

২৫ শে জুন অর্থাৎ আগামীকাল দেশজুড়ে পালিত হবে সংবিধান হত্যা দিবস। ভারতে শেষ জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছিল ১৯৭৫এর ২৫শে জুন থেকে ১৯৭৭ এর ২১শে মার্চ, পর্যন্ত । এর কারণ হিসেবে অভ্যন্তরীণ গোলযোগকে তুলে ধরা হয়।

যদিও পরবর্তীকালে এই জরুরি অবস্থা ঘোষণাকে কেন্দ্র করে নানা মহলে তৈরি হয় বিতর্ক।

এই বছর কেন্দ্রীয় সরকার ১৯৭৫ সালের এই জরুরি অবস্থা ঘোষণাকে সংবিধান হত্যা দিবস হিসেবে পালন করার সিদ্ধান্ত নিয়েছে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের সাউথ এন্ড সাউথ ইস্ট এশিয়ান স্টাডিজ বিভাগের অধ্যাপক আদিত্য দাস বললেন গণমাধ্যমের স্বাধীনতা হরণ এবং অন্যায় ভাবে বিরোধী নেতা-নেত্রীদের কারারুদ্ধ করার ঘটনা, ভারতের ইতিহাসে এই দুটো বছর অন্ধকারময় সময় হিসেবে চিহ্নিত হয়ে আছে ।

বাইট

---------------------

চলতি সপ্তাহে প্রত্যেক দিনই বর্ষার কারণে রাজ্যের সব জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ড সোমনাথ দত্ত জানিয়েছেন । তবে,আগামীকাল পর্যন্ত তাপমাত্রা কিছুটা কম থাকলেও ২৬ তারিখ থেকে আবার তা বৃদ্ধির সম্ভাবনা রয়েছে।

উপকূলবর্তী এলাকায় ঘণ্টায় ৪৫ থেকে ৫৫ কিলোমিটার বেগে ঝোরো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা থাকায়, সমুদ্র উত্তাল থাকবে। মতসজিবিদের আগামীকাল ও ২৬ তারিখ, মাছ ধরতে যেতে নিষেধ করা হয়েছে।

এদিকে, উত্তরবঙ্গের কালিম্পং,দার্জিলিং, জলপাইগুড়ি ও উত্তর দিনাজপুর জেলায় বিক্ষিপ্ত ভাবে ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

কলকাতায় আজ সকাল সাড়ে ৬ টা পর্যন্ত বৃষ্টি হয়েছে ২ দশমিক ৫ মিলিমিটার।

সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৭ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের সামান্য বেশি।

গতকাল সরবচ্ছ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি , স্বাভাবিকের তুলনায় ১ ডিগ্রি কম।

---------------------

বাগুইহাটি থানার কেষ্টপুর রবীন্দ্র পল্লীতে আজ ভোরে আগুনে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। রবীন্দ্র পল্লীতে আজ ভোরে চারটে নাগাদ একটি দোতলা বাড়ির একতলায় আগুন লাগে । ঘর থেকে ধোঁয়া বেরোতে দেখে, স্থানীযরা দমকলকে খবর দেয়। দমকল সব্যসাচী চক্রবর্তী নামে এক ব্যক্তির অগ্নিদগ্ধ দেহ উদ্ধার করে। হাসপাতালে নিযে গেলে তাকে মৃত ঘেষনা করা হয় । দমকল দেড় ঘন্টার চেষ্টায় আগুন আয়ত্বে এনেছে । পুলিশ ঘটনার তদন্ত করছে ।

---------------------

প্রাক্তন ক্রিকেটার দিলীপ দোশী প্রয়াত। লন্ডনে গতকাল হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৭৭ বছর।

বাঁহাতি স্পিনার দিলীপ দোশী ১৯ শো ৭৯ থেকে ১৯ শো ৮৩ সাল পর্যন্ত দেশের হয়ে ৩৩ টি টেস্টে ১১৪ টি এবং ১৫ টি একদিনের ম্যাচে ২২ টি উইকেট নিয়েছেন। তিনি

বাংলা ও সৌরাস্ট্রর হয়ে রঞ্জি ট্রফি খেলেছেন। প্রথম শ্রেনীর ক্রিকেটে ৮৯৮ টি উইকেট নিয়েছেন তিনি ।

দিলীপ দোশীর মৃত্যুতে ভারতীয় ক্রিকেট বোর্ডের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে।

---------------------

বাংলার অলিম্পিয়ান লক্ষ্মীকান্ত দাস প্রয়াত। হাওড়ায় নিজের বাড়িতে গতকাল তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন।বয়স হয়েছিল ৮৭ বছর। বেশ কিছুদিন ধরে তিনি বার্ধক্য জনিত কারণে অসুস্থ ছিলেন।

১৯৬০ সালের রোম অলিম্পিক্স এবং ১৯৬৪ সালে টোকিও অলিম্পিকসে ভারত্তোলনের ৬০ কেজি বিভাগে অংশ গ্রহণ করেন তিনি। ১১ বার জাতীয় চ্যাম্পিয়ন হন লক্ষ্মীকান্ত। ১৯৬২ সালে অর্জুন পুরস্কার পান তিনি। খেলা ছাড়ার পর তিনি রাজ্য কোচের দায়িত্বও পালন করেছেন।

--------------------- ---------------------